দৈনিক বাংলা

13 JUN 1997
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

সংসদে প্রশ্নোত্তর

# এইচএসসি পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করা হবেঃ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ঃ** শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক জাতীয় সংসদকে জানান যে, প্রধানমন্ত্রীর নির্দেশে এইচ এস সি পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এই লক্ষ্যে একটি প্রকল্প পরিকল্পনা কমিশনের বিবেচনাধীন রয়েছে। অনুমোদন ও অর্থপ্রাপ্তি সাপেক্ষে এইচ এস সি পর্যন্ত নারী শিক্ষা অবৈতনিক করা হবে।

শাহ মোহাম্মদ আবুল হোসাইন (বরিশাল-৪)-এর এক প্রশ্নের লিখিত উত্তরে মন্ত্রী উপরোক্ত তথ্য জানান।

নূরুল ইসলাম নাহিদ (সিলেট-৬)-এর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান যে, সাবেক শিক্ষা উপদেষ্টা অধ্যাপক শামসুল হককে চেয়ারম্যান করে ৫৬ সদস্যবিশিষ্ট জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। জাতীয় কমিটির আওতায় ১৮টি উপকমিটি গঠন করা হয়েছে। উক্ত উপকমিটিসমূহের প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। কমিটি বিভিন্ন জেলার পেশাজীবী সংগঠন, ছাত্র, নারী সংগঠন, বিভিন্ন শিক্ষক সমিতি এবং সাংবাদিকদের সঙ্গে আলোচনাক্রমে প্রতিবেদন প্রস্তুতির কাজ চলছে। আগামী ৩১ জুলাই ১৯৯৭ইং তারিখের মাধ্যে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়া যাবে বলে আশা করা যাচ্ছে।

শিক্ষামন্ত্রী জাতীয় সংসদকে আরও জানান যে, বেসরকারী মাধ্যমিক স্কুলসহ বেসরকারী কলেজ ও মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাদের বেতন ভাতা শতকরা ১০০ ভাগ সরকারী করার বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের কাজ চলছে। উক্ত নীতিমালার আলোকে কখন ও কিভাবে বেতন-ভাতার একশ' ভাগ সরকারী অংশ প্রদান করা যায় সে বিষয়ে বিবেচনা করা হবে।

ডাঃ মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩)-এর এক প্রশ্নের উত্তরে মন্ত্রী এ তথ্য জানান।

আবদুল মান্নান তালুকদার (সিরাজগঞ্জ-৩)-এর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী জানান, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন ও ভাতা বৃদ্ধির বিষয়ে এখন পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

শাহ মোহাম্মদ আবুল হোসাইন (বরিশাল-৪)-এর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান যে, বর্তমান অর্থবছরে সারাদেশে ১২৪৩টি ইউনিয়নকে শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর অন্তর্ভুক্ত করা হয়েছে।